# এইচ এস সি ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র** — বিষয় কোড: ২৫০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — মান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ জনাব আনিস ও জনাব মাহির বড় ব্যবসায়ী। জনাব আনিস পণ্যে ভেজাল দেন, ওজনে কারচুপি করেন। অপর দিকে জনাব মাহির অত্যন্ত সৎভাবে ব্যবসা-বাণিজ্য করেন। জনাব মাহির তাকে সুরা বাকারার একটি আয়াত তিলাওয়াত করে শুনান। আল্লাহ তা'আলা বলেন— ولاتلبسوا الحق بالباطل,

ক. ريب (রাইবুন) শব্দের অর্থ কী? ১

খ. অর্থসহ কুরআনের ২টি নাম লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত আয়াতটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আয়াতের আলোকে জনাব আনিসের কর্মকাণ্ডের পরিণতি বিশ্লেষণ করো। ৪

২. ★ জনাব জাহিদ ও জনাব নাহিদ সর্বশেষ নাজিলকৃত একটি আসমানি কিতাব নিয়ে আলোচনা করছিলেন। জনাব জাহিদ বললেন এটি এমন একটি গ্রন্থ যা আল্লাহ তা'আলা একেবারে নাজিল করেননি। এটির একটি বিশেষ অবতরণ পদ্ধতি রয়েছে। অপর দিকে জনাব নাহিদ বলেন, শুধু তাই নয়, এটি পরিপূর্ণ জীবনব্যবস্থা। বিশেষ করে আদর্শ জাতি গঠনে এটির বিশেষ ভূমিকা রয়েছে।

ক. خليفة (খলিফাহ) শব্দের অর্থ কী? ১

খ. হাদিসটির অনুবাদ লেখ। ২

গ. উদ্দীপকে জনাব জাহিদ কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করেছেন? বিষয়টি ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব নাহিদের বক্তব্যের সাথে তুমি কি একমত? কুরআন ও হাদিসের আলোকে তোমার মতের স্বপক্ষে যুক্তি প্রদান করো। ৪

৩.▶ জনাব বাহার এবং জনাব নাজিম সুরা আল বাকারার বিষয়বস্তু নিয়ে আলাপ করছিলেন। জনাব বাহার বলেন, এ সুরার শুরুতেই আল্লাহ তা'আলা এমন কিছু ব্যক্তিদের

https://teachingbd24.com

সম্পর্কে আলোচনা করেন যারা রব প্রদত্ত হিদায়াতের উপর রয়েছে এবং তারাই সফলকাম হবেন। অপরদিকে জনাব নাজিম বলেন, শুধু তাই নয়, এ সুরায় আল্লাহ তা'আলা এমন একদলের পরিচয় তুলে ধরেন যারা হিদায়াতের বিনিময়ে গোমরাহিকে ক্রয় করে নিয়েছেন।

ক. ইজমার রুকন কয়টি? ১

খ. হাদিসটির অনুবাদ লেখ : ২

ليس المؤمن بالطعان ولا باللعان ولا الفاحش ولا البذى

গ. উদ্দীপকে জনাব বাহার বর্ণিত ব্যক্তিদের বৈশিষ্ট্য সুরা বাকারার আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব নাজিম কাদের প্রতি ইঙ্গিত প্রদান করেছেন? সুরা বাকারার আলোকে তাদের পরিচয় এবং দৃষ্টান্ত ব্যাখ্যা করো। ৪

৪. ★ একজন মুসল্লি মহল্লার ইমাম সাহেবকে জিজ্ঞাসা করলেন, ইসলামের কোনো বিষয়ে সমস্যা সৃষ্টি হলে আমি কীভাবে এর সমাধান করবো? ইমাম সাহেব বললেন, ইসলামি শরিয়তের চারটি উৎস রয়েছে। কোনো বিষয়ে সমস্যার সম্মুখীন হলে প্রথমে কুরআন তারপর হাদিসে খুঁজবেন। তাতে না পাওয়া গেলে তৃতীয় উৎসে খুঁজবেন। 'কুরআন ও হাদিসের পরেই এর স্থান'।

ক. কিয়াস শব্দের অর্থ কী? ১

খ. কিয়াসের রুকন কয়টি ও কী কী? ২

গ. উদ্দীপকে শিক্ষক কোন উৎসটির কথা বুঝাতে চেয়েছেন? উৎসটির উৎপত্তি ও ক্রমবিকাশ ব্যাখ্যা করো। ৩

ঘ. শিক্ষকের শেষের উক্তির আলোকে উক্ত উৎসটির তাৎপর্য ও গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫. ▶ জনাব বসীর ও জনাব নাজিম দু'জন ইসলামি চিন্তাবিদ। তারা ইসলামি শরিয়তের চতুর্থ উৎস নিয়ে আলোচনা করছিলেন। জনাব বসীর বললেন, এটি ইসলামি আইন শাস্ত্রের এক গতিশীল ধারা। জনাব নাজিম বললেন, শুধু তাই না এটি গ্রহণ ও প্রয়োগ নিঃসন্দেহে ইসলামি জীবনব্যবস্থার জন্য কল্যাণকর। কেননা এর মাধ্যমে আধুনিক জীবন ব্যবস্থায় নিত্যনতুন সমস্যার সমাধান করা সম্ভব হয়।

ক. ইজমা শব্দের অর্থ কী? ১

খ. ইজমার রুকনগুলো সংক্ষেপে ব্যাখ্যা করো। ২

গ. জনাব বসীরের উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব নাজিমের উক্তির সাথে তুমি কি একমত? তোমার মতের স্বপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

https://teachingbd24.com

৬. ★ জনাব আহনাফ ও জনাব মিজান ফিকহ শাস্ত্র নিয়ে আলোচনা করছিলেন। জনাব আহনাফ বলেন, ইসলামি বিধি-বিধান ও মূলনীতির প্রধান উৎস কুরআন মাজিদ ও হাদিস। কিন্তু এ উৎস দুটিতে ইসলামি আইন-কানুন ধারাবাহিকভাবে বিন্যস্ত হয়নি। সরাসরি কুরআন ও হাদিস থেকে সাধারণ মানুষ ও অনারবদের জন্য বিধান গ্রহণ অসম্ভব হয়ে দেখা দিয়েছিল। এরই প্রেক্ষিতে মুসলিম মনীষীদের নিষ্ঠা ও আন্তরিকতাপূর্ণ গবেষণায় ইসলামি আইনবিজ্ঞান স্বতন্ত্ররূপে যাত্রা শুরু করে। জনাব মিজান হানাফি ফিকহের কিছু বৈশিষ্ট্য আলোচনা করলেন।

ক. মাযহাব কয়টি? ১

খ. ফিকহ শাস্ত্র বলতে কী বোঝায়? ২

গ. জনাব মিজান বর্ণিত বিষয়টি ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আহনাফ কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করেছেন? বিষয়টির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৭. ▶ জনাব তাহির জুমআর খুতবায় পবিত্র কুরআনের এমন একটি সুরার ব্যাখ্যা দিচ্ছিলেন, যার বিষয়বস্তু সমূহ হলো, আখিরাত, তাকদির, পুনরুত্থান, কিয়ামত জান্নাত ও জাহান্নাম ইত্যাদি। অপর দিকে জনাব মনসুর শ্রেণিকক্ষে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে জাতীয়, আন্তর্জাতিক নীতিমালা এবং উত্তরাধিকার সম্বলিত বিষয়বস্তু সংশ্লিষ্ট সুরা নিয়ে আলোচনা করেন।

ক. সম্পূর্ণ কুরআন সর্বপ্রথম কোথায় সংরক্ষিত হয়? ১

খ. পবিত্র আল কুরআনের অর্থসহ পাঁচটি নাম লেখ। ২

গ. জনাব তাহির জুমআর খুতবায় কোন ধরনের সুরার ব্যাখ্যা দিচ্ছিলেন? পাঠ্যবইয়ের আলোকে সেই সুরাটির বৈশিষ্ট্যসমূহ লেখ। ৩

ঘ. জনাব মনসুর আলোচিত সুরার যে ধরণের বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়, তা বিশ্লেষণ করো। ৪

৮. ★ জনাব নাভিদ নিয়মিত মৌলিক ইবাদত ঠিকমত পালন করলেও সৃষ্টির সেবার প্রতি মনোযোগ কম। তিনি যেমন পিতামাতা, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশী ইত্যাদির খোঁজ খবর রাখেন না এবং অন্যান্য সৃষ্টির প্রতি যত্নশীল নন। এলাকার ইমাম সাহেব বলেন, আমাদের অন্যান্য সৃষ্টির প্রতি দায়িত্ব-কর্তব্য রয়েছে। তা পালন না করলে চরম বিপর্যয়ের শিকার হতে হবে।

ক. কুরআন শব্দের অর্থ কী? ১

খ. সালাতের ২টি সামাজিক শিক্ষা ব্যাখ্যা করো। ২

গ. নাভিদের কাজটি কীরূপ হয়েছে? কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. নাভিদকে সঠিক পথে ফিরিয়ে আনতে করণীয় সম্পর্কে কুরআন ও হাদিসের আলোকে তোমার মতামত দাও। ৪

https://teachingbd24.com

৯.▶ আমিন একাদশ শ্রেণিতে ভর্তি হয়ে ইসলামিক স্টাডিজ বিষয় নিয়ে কুরআন ও হাদিস থেকে গবেষণালব্ধ এবং উদ্ভাবিত ইসলামের ব্যাবহারিক মাসআলাসমূহ সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারছে। অপর দিকে আনিস কোনো মাযহাব মানতো না। কিন্তু মসজিদে ইমাম সাহেবের মর্মস্পর্শি বক্তব্য শুনে সে কুফায় জন্মগ্রহণকারী একজন ইমামের অনুসরণ করা শুরু করে।

ক. খফি কিয়াসের অপর নাম কী? ১

খ. হাদিসটির অনুবাদ লেখ : ان شر الناس من تركه الناس اتقاء فحشه ২

গ. উদ্দীপকে আমিন যে বিষয়ে জ্ঞান অর্জন করেছে তা চিহ্নিতকরণপূর্বক বিষয়টির প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ইমাম সাহেবের বক্তব্যে উদ্বুদ্ধ হয়ে আনিসের অনুসরণকৃত মাযহাব কোনটি? উক্ত মাযহাবের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৪

১০.▶ জনাব আজমাতুল্লাহ একজন সম্পদশালী ব্যক্তি। সম্পদ কমে যাবে মনে করে তিনি জাকাত প্রদান করেন না। বিষয়টি জেনে এলাকার বিশিষ্ট আলেমে দ্বীন বললেন, জাকাত দিলে সম্পদ কমে না, বরং বৃদ্ধি পায়। তাছাড়া আর্থ-সামাজিক উন্নয়নে জাকাতের ভূমিকা অপরিসীম

ক. হাক্কুল ইবাদ কাকে বলে? ১

খ. আল্লাহ তায়ালাকে হৃদয়ে ধারণ করতে হলে ইলমে তাসাউফ শিক্ষা জরুরি কেন? ২

গ. জনাব আজমাতুল্লাহর কর্মকাণ্ডের পরিণতি শরিয়তের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আলেমে দ্বীনের বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতের স্বপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

১১. ★ হাসান ও আবির ইবাদত সম্পর্কে আলোচনা করছিল। হাসান বললো, হিজরি সনের নবম মাসে একটি ইবাদতের মাধ্যমে মানুষ তার কুরিপু নিয়ন্ত্রণ করতে পারে এবং এর মাধ্যমে পরস্পরের মধ্যে ভালোবাসা, সহানুভূতি এবং সহযোগিতার মনোভাব গড়ে উঠে। আবির বললো, ইসলামে গুরুত্বপূর্ণ এমন একটি ইবাদত রয়েছে যা বিশ্বের সকল মুসলমানদের মাঝে সকল প্রকার ভেদাভেদ ও বৈষম্য দূর করে দেয়

ক. ইবাদত শব্দের অর্থ কী? ১

খ. 'জাকাত আদায় কার্পণ্য দূর করে'। ব্যাখ্যা করো। ২

গ. হাসান কোন ইবাদতের কথা বলল? উক্ত ইবাদতের ফজিলত বর্ণনা করো। ৩

ঘ. আবিরের উক্তিটির মূল্যায়ন করো। ৪

teachingbd24.com

https://teachingbd24.com

## ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ০ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. উমর ইবন আব্দুল আযিয (র.) ছিলেন—**

i. তাবেয়ি ii. শাসনকর্তা

iii. পঞ্চম খলিফা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii

ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**২. ★ শক্তিমান কে?**

(ক) মল্লযুদ্ধে সক্ষম ব্যক্তি

(খ) ক্রোধের সময় নিজেকে নিয়ন্ত্রণকারী

(গ) যুদ্ধের সময় অধিক লোক হত্যাকারী

(ঘ) যুদ্ধের সময় ময়দানে ভীতি সঞ্চারকারী

**৩. ★ রাতের দুশ্চিন্তা কোনটি?**

(ক) সম্পদ (খ) ঋণ

(গ) অর্থ (ঘ) সন্তান

**৪. ★ কোন দুটি হাদিস গ্রন্থকে এক সাথে সহিহাইন বলা হয়?**

(ক) আবু দাউদ ও তিরমিযি

(খ) নাসাঈ ও আবু দাউদ

(গ) বুখারি ও মুসলিম

(ঘ) বুখারি ও তিরমিযি

**৫. ★ মাদানি সুরার বৈশিষ্ট্য—**

i. সুরাসমূহ আকারে দীর্ঘ

ii. আয়াতসমূহ বড় বড়

iii. হে মুমিনগণ দ্বারা সাধারণ সম্বোধন করা হয়েছে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৬. ফিকহ্-এর মূলভিত্তি স্থাপিত হয় কখন?**

(ক) রাসুলুল্লাহ (স) এর যুগে

(খ) সাহাবিদের যুগে

(গ) তাবেয়িদের যুগে

(ঘ) তাবে-তাবেয়িদের যুগে

**৭. ইমাম আবু হানিফা(র)-এর প্রকৃত নাম কী?**

(ক) নুমান ইবন সাবিত

(খ) আব্দুল্লাহ ইবন আমর

(গ) আবু আব্দুল্লাহ

(ঘ) যায়িদ ইবন সাবিত

**৮. ★ জাকাত ব্যয়ের খাত কয়টি?**

(ক) ৫টি (খ) ৬টি

(গ) ৭টি (ঘ) ৮টি

**৯. ★ 'আসহাবে সুফ্ফা' শব্দের অর্থ—**

(ক) মক্কার অধিবাসী

(খ) মদিনার অধিবাসী

(গ) বারান্দার অধিবাসী

(ঘ) মসজিদের অধিবাসী

**১০. ইমাম বুখারি (র) কত হিজরীতে জন্মগ্রহণ করেন?**

(ক) ১৯৪ হিজরিতে (খ) ১৯৮ হিজরিতে

(গ) ২৯৪ হিজরিতে (ঘ) ২৯৮ হিজরিতে

**১১. আল কুরআনের কোন নামটি মানুষের দিশারী হওয়ার পরিচয় তুলে ধরে?**

(ক) আল-মুবিন (খ) আল-হুদা

(গ) আল-মাসহাফ (ঘ) আল-বালাগ

**১২. ★ আল-কুরআন বিশেষভাবে গুরুত্বপূর্ণ কেন?**

(ক) আরবি ভাষায় রচিত বলে

(খ) রাসুল (স)-এর উপর নাযিল হয়েছে বলে

(গ) হেদায়েতের স্মারক বলে

(ঘ) সংশয়হীনতার কারণে

**১৩. ★ প্রধান ওহি লেখকের নাম—**

(ক) হযরত আব্দুল্লাহ ইবনে যুবায়ের (রা)

(খ) হযরত যায়েদ ইবন সাবিত (রা)

(গ) হযরত সাঈদ ইবনুল আস (রা)

(ঘ) হযরত আব্দুর রহমান ইবনুল হারিছ (রা)

**১৪. ★ কুরআনের মূল কপিটি কী নামে পরিচিতি?**

(ক) আসহাফ (খ) মাসহাফ

(গ) মুফাস্সাল (ঘ) মুহ্কাম

**১৫. ★ আল-কুরআনের প্রধান আলোচ্য বিষয়—**

(ক) নবি-রাসুল (খ) ফেরেশতা

(গ) মানুষ (ঘ) জীন

**১৬. কাবাঘরের পূর্বে মুসলিমদের কিবলা ছিল—**

(ক) বায়তুল মুকাদ্দাস (খ) বায়তুল্লাহ

(গ) বায়তুন নূর (ঘ) বায়তুল ইজজাহ

Teachingbd24.com

১৭. কুরআন মাজিদে কয়টি সুরার প্রারম্ভে আরবি (হুরুফুল মুকাওয়াত) আছে?
ক) ৯টি খ) ১৯টি
গ) ২৯টি ঘ) ৩৯টি

১৮. فاعتبروا یاولی الابصر কোন সুরার আয়াত?
ক) সুরা বাকারা খ) সুরা হাশর
গ) সুরা নিসা ঘ) সুরা হিজর

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:**

আহনাফ কুরআন অধ্যয়ন করতে গিয়ে দেখেন সেখানে ৮২ বার সালাত কায়েমের কথা বলা আছে। কিন্তু এর ওয়াক্ত, আদায়ের নিয়মাবলি ইত্যাদি বলা নেই।

১৯. এগুলো জানার জন্য তাকে দারস্থ হতে হবে—
ক) ইমানের খ) হাদিসের
গ) কিয়াসের ঘ) তাফসিরের

২০. আহনাফ যুদ্ধের ময়দানেও কী ত্যাগ করতে পারবে না?
ক) সালাত খ) সাওম
গ) হজ্জ ঘ) যাকাত

২১. ★ মানুষের স্বাভাবিক বুদ্ধিবৃত্তির পরিশোধিত সংস্কার হচ্ছে—
ক) ইজমা খ) কিয়াস
গ) হাদিস ঘ) কুরআন

২২. ★ কিসের মধ্যে ইসলামি উখওয়াতের বাস্তবরূপ লক্ষ করা যায়?
ক) ইমানের খ) সাওমের
গ) যাকাতের ঘ) হজের

২৩. আত্মসংযম ও আত্মনিয়ন্ত্রণের জন্য কোনটি অপরিহার্য?
ক) সালাত খ) সাওম
গ) যাকাত ঘ) হজ

২৪. ★ শক্তি, দৃঢ়তা, দুর্বলতা এবং সংশয়ের বিচারে ইজমার স্তর—
ক) ২টি খ) ৪টি
গ) ৬টি ঘ) ৮টি

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:**

রফিক সাহেব রাস্তায় একটি বুথ থেকে লটারির টিকিট কিনলেন বাড়িতে আসার পর তার স্ত্রী সেটা দেখে বললেন- এটা কেন কিনলেন?

২৫. লটারির মাধ্যমে টাকা উপার্জনের বিধান কী?
ক) হারাম
খ) মুবাহ
গ) মাকরূহ
ঘ) সুন্নাত

২৬. রফিক সাহেবের কাজটির প্রতি তার স্ত্রীর অসন্তুষ্টির কারণ—
i. এটিতে জুয়ার উপর কিয়াস করে
ii. এটিতে হারামের ইল্লাত আছে
iii. অজ্ঞতাবসত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. সুরা আল-বাকারায় অকাট্যভাবে প্রমাণ করা হয়েছে কুরআন মাজিদের
i. সংশয়হীনতা
ii. সত্যতা
iii. নির্ভুলতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. ★ আল-হাদিস কোন ধরনের ওহি?
ক) ওহি গায়রে মাতলু
খ) ওহি মাতলু
গ) ওহি নাকেস
ঘ) ওহি কামিল

২৯. সরকারিভাবে হাদিস সংকলনের জন্য নির্দেশ দিয়েছিলেন—
ক) মারওয়ান ইবনে হাকাম
খ) ওয়ালিদ ইবনে হিশাম
গ) উমর ইবন আব্দুল আযিয (র)
ঘ) হিশাম ইবন আব্দুল মালিক

৩০. মারফু হাদিস—
ক) সাহাবি থেকে বর্ণিত হাদিস
খ) মহানবি থেকে বর্ণিত হাদিস
গ) তাবেয়ি থেকে বর্ণিত হাদিস
ঘ) তাবে তাবেয়ি থেকে বর্ণিত হাদিস

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com